

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ২৪ এপ্রিল, ২০১৪/ ১১ বৈশাখ, ১৪২১

নম্বর- ০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪-৭৯ সরকার বেতন বৈষম্য দূরীকরণ সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি নিম্নরূপভাবে গঠন করেছেঃ

**(ক) কমিটির গঠনঃ**

- |     |                                     |            |
|-----|-------------------------------------|------------|
| (১) | মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়           | - আহ্বায়ক |
| (২) | মন্ত্রী, তথ্য মন্ত্রণালয়           | - সদস্য    |
| (৩) | মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়         | - সদস্য    |
| (৪) | প্রতিমন্ত্রী, অর্থ মন্ত্রণালয়      | - সদস্য    |
| (৫) | প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয় | - সদস্য    |

**(খ) সহায়তাদানকারী কর্মকর্তাগণঃ**

- (১) মন্ত্রিপরিষদ সচিব
- (২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
- (৩) সচিব, অর্থ বিভাগ
- (৪) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/ সচিব/ভারপ্রাপ্ত সচিব।

**(গ) কমিটির কার্যপরিধিঃ**


- (১) জাতীয় বেতন স্কেল বাস্তবায়নের লক্ষ্যে অনিষ্পন্ন কেইসসমূহের পুনর্বিবেচনা;
- (২) বেতন স্কেলের ব্যত্যয় (Anomaly), বৈষম্য দূরীকরণ/বেতন স্কেল পুনঃনির্ধারণ সংক্রান্ত কেইসসমূহ পরীক্ষা করা; এবং
- (৩) সংশ্লিষ্ট অন্যান্য বিষয় পরীক্ষা করা।

২। অর্থ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৩। কমিটির বৈঠক প্রয়োজন অনুসারে অনুষ্ঠিত হবে।

৪। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(মোঃ নূরুল করিম)

অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)

ফোনঃ ৯৫১১০৩৬

উপপরিচালক

বাংলাদেশ সরকারি মুদ্রণালয়

তেজগাঁও, ঢাকা [ বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায়

প্রজ্ঞাপনটি অতিরিক্ত গেজেট আকারে প্রকাশ করে ২০০ (দুইশত)


কপি জরুরি ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হল ]

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪-৭৯

তারিখ..... ১১ বৈশাখ, ১৪২১  
২৪ এপ্রিল, ২০১৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব ..... মন্ত্রণালয়/বিভাগ।
- ৩। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা। মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৪। মাননীয় মন্ত্রী/উপদেষ্টা/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর একান্ত সচিব,..... মন্ত্রণালয়/বিভাগ।  
মাননীয় মন্ত্রী/উপদেষ্টা/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৫। উপসচিব, আইসিটি, মন্ত্রিপরিষদ বিভাগ। ( প্রজ্ঞাপনটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৬। মন্ত্রিপরিষদ সচিব-এর একান্ত সচিব। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

  
28/08/2018  
(মোঃ জয়নাল আবেদীন)  
সহকারী সচিব  
ফোন : ৯৫১১০৮১